

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৪৮.০৪৯.২০১৪-২৩৫


তারিখঃ ২৪ অগ্রহায়ন ১৪২৩ বং
০৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ঋণ তহবিলের সর্বোচ্চ ব্যবহারসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(ফেজ-২)”-শীর্ষক প্রকল্পের প্রকল্প মেয়াদে (জানুয়ারি ২০১৪ থেকে ৩০ জুন ২০১৮ খ্রিঃ পর্যন্ত) প্রকল্পভুক্ত ৬৬ টি উপজেলায় মোট ৩১,০০০ টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যে ব্যাপক প্রচারণা, দ্রুত ঋণ বিতরণ, কারিগরী সহায়তা প্রদান, ওরিয়েন্টেশন প্রশিক্ষণ ও সাবসিডি প্রদান ইত্যাদি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রকল্পের শুরু থেকেই বিভিন্ন সভা ও পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়ে আসছে। ইতিমধ্যে বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিতভাবে পূনঃ নির্ধারণ করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়েছেঃ

অর্থবছর	বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মোট লক্ষ্যমাত্রা	উপজেলা প্রতি মোট বাৎসরিক লক্ষ্যমাত্রা
২০১৬-২০১৭	১০,০০০ টি	১৫২ টি
২০১৭-২০১৮	১৬,৯২৫ টি	২৫৬ টি

- ০২। লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ কার্যালয় থেকে প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক ২০১৬-২০১৭ অর্থবছরে কতিপয় উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্লান্ট স্থাপন অগ্রগতি খুবই কম, ঋণের ফান্ড থাকা সত্ত্বেও ঋণ বিতরণ করা হচ্ছে না, বিতরণ করলেও কিস্তি খেলাপী লক্ষ্য করা যাচ্ছে, যা খুবই হতাশাজনক।
- ০৩। এমতাবস্থায়, আপনার উপজেলার বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত দ্রুত ঋণ তহবিলের সর্বোচ্চ ব্যবহারসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য পুনরায় আপনাকে স্মরণ করিয়ে দেয়া হলো।
- ০৪। এ বিষয়ে আপনার যথাযথ উদ্যোগ একান্তভাবে কামনা করছি।


(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৮৮৩৯২, ফ্যাক্স : ৮৯৭৮১০৪
Email : pdimpactphase2dyd@gmail.com

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
-----উপজেলা
-----জেলা।

অনুলিপিঃ

- ১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,-----জেলা।
- ✓ ২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাঁকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা,-----জেলা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।